**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-০৫

তারিখ ঃ ২১ মার্চ, ২০২১ / ০৭ চৈত্র, ১৪২৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**আমদানি নীতি আদেশ, ২০১৫-১৮ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির লক্ষ্যে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর লাইসেন্স গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর ৬ষ্ঠ অধ্যায়ের ২৬(২৫), ২৭(গ) ও ২৭(ঘ); বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এবং এফই সার্কুলার পত্র নম্বর- এফইপিডি(আমদানি নীতি)/১২৩/২০১৪-১৯ তারিখঃ ১৩/১০/২০১৪ ও এফই সার্কুলার পত্র নম্বর-০৫ তারিখঃ ০৮ মার্চ ২০১৮-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নম্বর- ২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির পূর্বে আমদানিকারক কর্তৃক বিইআরসি এর লাইসেন্স গ্রহণের বাধ্যবাধকতা আরোপিত রয়েছে। বিইআরসি হতে প্রাপ্ত তথ্য মতে সাম্প্রতিককালে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির ক্ষেত্রে ব্যাংকসমূহ কর্তৃক উপরোল্লিখিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন হচ্ছে না, যা অনভিপ্রেত।

এমতাবস্থায়, পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নম্বর- ২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির ক্ষেত্রে হালনাগাদ আমদানি নীতি আদেশ, বিইআরসি আইন, ২০০৩ এবং এতদ্‌সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১২৩